

1

### জাতীয় কম্পিউটার কমিটি পুনর্গঠিত

সরকার বাণিজ্যমন্ত্রী জনাব মোহাম্মদ আবদুল মুনএমকে সভাপতি করে ১৪ সদস্য বিশিষ্ট জাতীয় কম্পিউটার কমিটি পুনর্গঠন করেছেন। কমিটির অন্যান্য সদস্যরা

হচ্ছেন— সদস্য (প্রোগ্রামিং), পরিকল্পনা কমিশন, ডাইরেক্টর জেনারেল ফোর্সেস ইনটেলিজেন্স, সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সচিব, পরিসংখ্যান বিভাগ, সচিব, শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, সচিব, বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা বিভাগ, উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়, উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, চেয়ারম্যান, বাংলাদেশ আণবিক শক্তি কমিশন, ডাইরেক্টর অব সিগনালস, আর্মি হেড কোয়ার্টারস এবং বাংলাদেশ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট-এর সভাপতি।

সংস্থাপন মন্ত্রণালয়ের লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্রের সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট মেজর (অবঃ) এ বি এম রুহুল আমীন সিদ্দীক পুনর্গঠিত কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। খবর তথ্য বিররনী।